

## ■ সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ১৭৩৫

৭/ সিয়াম বা রোয়া (كتاب الصيام)

পরিচ্ছেদঃ ৭/৮১. আশুরার দিনের রোয়া

بَابِ صِيَامِ يَوْمِ عَاشُورَاءِ

আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرٍ بْنُ أَبِي شَيْبَةَ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ فُضَيْلٍ عَنْ حُسَيْنٍ عَنْ الشَّعَبِيِّ عَنْ مُحَمَّدِ بْنِ صَيْفِيِّ قَالَ قَالَ لَنَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَوْمَ عَاشُورَاءَ مِنْكُمْ أَحَدُ طَعِيمٍ الْيَوْمَ قُلْنَا مِنَّا طَعِيمٌ وَمِنَّا مَنْ لَمْ يَطْعِيمْ قَالَ فَأَتَيْتُمُوا بِقِيَةَ يَوْمِكُمْ مَنْ كَانَ طَعِيمٌ وَمَنْ لَمْ يَطْعِيمْ فَأَرْسِلُوا إِلَى أَهْلِ الْعَرْوَضِ فَلَيُتِمُّوا بِقِيَةَ يَوْمِهِمْ قَالَ يَعْنِي أَهْلَ الْعَرْوَضِ حَوْلَ الْمَدِينَةِ.

বাংলা

৩/১৭৩৫। মুহাম্মাদ ইবনু সাইফী (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আশুরার দিন আমাদের জিঞ্জেস করেন, তোমাদের কেউ আজ আহার করেছে কি? আমরা বললাম, আমাদের কতক আহার করেছে এবং কতক আহার করেনি। তিনি বলেন, তোমরা যারা আহার করেছো এবং যারা আহার করেনি, তোমাদের অবশিষ্ট দিনটি রোয়া রাখো। আর তোমরা মাদ্বিনাহর পার্শ্ববর্তীদের নিকট লোক পাঠিয়ে দাও, তারাও যেন দিনটির অবশিষ্টাংশ রোয়া রাখে।

## English

It was narrated from Muhammad bin Saifi that the Messenger of Allah (ﷺ) said to us on the Day of 'Ashura':

"Has anyone among you eaten today?" We said: "Some of us have eaten and some of us have not." He said: "Complete the rest of your day (i.e., do not eat for the rest of the day), whoever has eaten and whoever has not eaten. And send word to the people of the suburbs to complete the rest of their day." He was referring to the people of the suburbs around Al-Madinah.

## ফুটনেট

আহমাদ ১৮৯৫৭, সহীহাহ ২৬২৪।

তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী মুহাম্মাদ বিন ফুদায়ল সম্পর্কে ইবনু মাস্তিন তাকে সিকাহ বলেছেন। আবু যুরআহ আর-রায়ি বলেন, তিনি সত্যবাদী। ইমাম নাসাঞ্জ বলেন, কোন সমস্যা নেই। আহমাদ বিন হাম্বল বলেন, তিনি শীয়া মতাবলম্বী। (তাহয়ীবুল কামালঃ রাবী নং ৫৫৪৮, ২৬/২৯৩ নং পৃষ্ঠা)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=31872>

 হাদিসবিড়ির প্রজেক্টে অনুদান দিন